

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 14-09-2025**

**Time: 07:55-08:05 PM Hrs**

**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, উন্নত ভারত গড়ে তোলার জন্য উত্তর-পূর্বাঞ্চলের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।
  - (২) মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা আজ মেলাঘরের রাজঘাট মুক্তমঞ্চে নীরমহল জল উৎসব ২০২৫-এর সমাপ্তি অনুষ্ঠানে অংশ নেন।
  - (৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ হিন্দিকে আরও নমনীয় করে তোলার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন।
  - (৪) রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিড নাম্বু বলেছেন, কেন্দ্রীয় সরকার "খেলো ইণ্ডিয়া" কর্মধারার মাধ্যমে সব খেলাধুলা'র উন্নতি বিধানে কাজ করে চলেছে।
- \*\*\*\*\*

**PM, Assam:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আসামে ৬,৩০০ কোটি টাকারও বেশি মূল্যের প্রধান পরিকাঠামো ও শিল্প উন্নয়ন প্রকল্পের উন্নোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

এই উপলক্ষে দুরাং জেলার মঙ্গলদহতে জনসমাবেশে প্রধানমন্ত্রী বলেন, ভারত বিশ্বের দ্রুততম বর্ধনশীল দেশ এবং আসাম দেশের দ্রুততম বর্ধনশীল রাজ্যগুলির মধ্যে একটি হয়ে উঠেছে। শ্রী মোদী বলেন, দেশ একটি উন্নত ভারত গড়ে তোলার জন্য গ্রীক্যবদ্ধভাবে এগিয়ে চলেছে এবং এই সংকল্প অর্জনে উত্তর-পূর্বাঞ্চলের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## #####PM Byte#####

প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার উত্তর-পূর্বে সংযোগের উপর অনেক বেশি মনোযোগ দিচ্ছে, কারণ যে কোনও অঞ্চলের দ্রুত উন্নয়নের জন্য দ্রুত সংযোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। শ্রী মোদী জনগণকে ভোকাল ফর লোকালের ব্র্যান্ড অ্যাসোসিএশন হওয়ার এবং স্বদেশী পণ্য নিয়ে গর্ব করার আব্বান জানান। এই অনুষ্ঠানে ভূপেন হাজারিকার প্রশংসা করে শ্রী মোদী বলেন যে ভূপেন হাজারিকা ভারতের ঐক্যের কর্তৃত্ব সৃষ্টি করেছেন। তিনি বলেন যে ভূপেন হাজারিকাকে ভারতের প্রদান উত্তর-পূর্বের প্রতি তাঁর সরকারের অঙ্গীকারকে প্রতিফলিত করে।

দরং-এ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল এবং আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা সংবর্ধনা জানান। উদ্বোধন ও শিলান্যাস হওয়া উন্নয়ন প্রকল্পগুলির মধ্যে রয়েছে দরং মেডিকেল কলেজ ও হাসপাতাল, জিএনএম স্কুল এবং বি.এস.সি নার্সিং কলেজ, যা এই অঞ্চলে চিকিৎসা শিক্ষা এবং স্বাস্থ্যসেবা প্রদানকে শক্তিশালী করবে। আজ গুয়াহাটি রিং রোড প্রকল্পেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। এছাড়াও, ব্রহ্মপুত্র নদীর উপর কুরওয়া-নরেঙ্গি সেতুরও ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। পরে, প্রধানমন্ত্রী আসামে ৯,২৩০ কোটি টাকারও বেশি মূল্যের পরিকাঠামো ও শিল্প উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

\*\*\*\*\*

### **CM Neermahal:**

মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা আজ মেলাঘরের রাজঘাট মুক্তমঞ্চে নীরমহল জল উৎসব ২০২৫-এর সমাপ্তি অনুষ্ঠানে যোগ দেন। তিনি বলেন, রাজস্থানের জলমহল থেকেও বড় আমাদের এ রাজ্যের নীরমহল। এই মহলের প্রচার প্রসারের জন্য রাজ্য সরকার কাজ করছে। শুধু তাই নয় রন্ধসাগরের চারপাড়ের

জলজীবীদের গ্রিতিহপূর্ণ সংস্কৃতিকে বিশ্ব দরবারে পৌছে দেওয়ার জন্যও প্রচেষ্টা চালাচ্ছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী বলেন দেশের প্রধানমন্ত্রীও চাইছেন পুরনো সংস্কৃতি ও গ্রিতিহকে ঠিক রেখে পর্যটনকে আধুনিক মানের করে গড়ে তুলতে। তিনি ইকো টুরিজম ও আধ্যাত্মিক পর্যটনের উল্লেখ করে প্রসাদ প্রকল্পে মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরের পরিকাঠামোগত উন্নয়ন ও বন্দুয়ারে সতীর ৫১ পিঠের রেপ্লিকা গঠনের কথা বলেন মুখ্যমন্ত্রী।

#####CM Byte#####

অনুষ্ঠানের অপর অতিথি উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন বলেন রূদ্রসাগরের চারপাড়ের জলজীবী অংশের মানুষের সংস্কৃতি, গ্রিতি ও পরিচিতির উৎসব হলো নীরমহল জল উৎসব। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বক্রানগরের বিধায়ক তফাজ্জল হোসেন, সিপাহীজলা জেলার জেলাশাসক, পুলিশ সুপার প্রমুখ।

পরে রূদ্রসাগরের উত্তরাংশ থেকে পতাকে নেড়ে বিভিন্ন বিভাগের নৌকা বাইচ প্রতিযোগিতার সূচনা করেন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*

### **Animesh Debarma:**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন, দেশ ও সমাজ গঠনে প্রকৌশলীদের ভূমিকা অপরিসীম। তাদের কর্মদক্ষতার কারনে দেশ ও সমাজ সামনের দিকে এগিয়ে যাচ্ছে। আজ আগরতলার সুপারীবাগানস্থিত দশরথদেব ভবনে তিপ্পা ইঞ্জিনিয়ার্স সোসাইটির উদ্যোগে 'ইঞ্জিনিয়ার্স ডে' পালন ও নতুন নিয়োগপ্রাপ্ত জুনিয়ার প্রকৌশলীদের সংবর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন তিনি। মন্ত্রী বলেন প্রকৌশলী হিসেবে যারা নতুন নিয়োগ পেয়েছেন সমাজের স্বার্থে তারা কিভাবে কাজ করবেন, আগামী দিনে তাদের কাজের পরিধি ও গতিপ্রকৃতি কি

হবে তা নিয়ে এই অনুষ্ঠানে বিস্তারিত আলোচনা হয়। অনুষ্ঠানে ২৫০ জন নতুন নিয়োগপ্রাপ্ত প্রকৌশলীদের সংবর্ধনা জানানো হয়।

\*\*\*\*\*

### **CM BLOOD DONATION:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা আধ্যাত্মিক আলোচনার সঙ্গে রক্তদান অঙ্গদানের মতো বিষয় সম্পর্কে মানুষকে সচেতন করা, নেশার ও কুসংস্কারের বিরুদ্ধে জনজাগরণ ও গণ আন্দোলন গড়ে তোলার ক্ষেত্রে ধর্মীয় প্রতিষ্ঠানগুলিকে দায়িত্ব গ্রহণের আহ্বান জানিয়েছেন। আজ আগরতলার বনমালীপুরস্থিত নিখিল ত্রিপুরা মহানাম সেবক সংঘের উদ্যোগে মহানাম অঙ্গন আশ্রমের ৪৪ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত রক্তদান উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর লক্ষ্য ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলা। দেশের সবাই মিলে এই উন্নয়ন কাজে অংশীদার হলে তবেই ‘এক ভারত শ্রেষ্ঠ ভারত’ গড়ে তোলা সম্ভব হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, কর্পোরেটার রঞ্জা দত্ত, মহানাম সম্প্রদায়ের সর্বভারতীয় সভাপতি শ্রীমৎ উপাসক বঙ্কু ব্রহ্মচারী, নিখিল ত্রিপুরা মহানাম সেবক সংঘের সম্পাদক সুদীপ কুমার রায় সহ অন্যান্য।

\*\*\*\*\*

### **CM, Sarodotsav:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা শারদোৎসব উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। আজ এক বার্তায় তিনি পূজো উদ্যোগাদের উদ্দেশ্যে পূজার চাঁদা আদায়ের ক্ষেত্রে কোনও জোর জবরদস্তি না করার আহ্বান জানান। তিনি বলেন চাঁদা আদায়ে জোর জবরদস্তির অভিযোগ নজরে এলে

প্রশাসন ব্যবস্থা নেবে। তিনি বলেন, উৎসবের দিনগুলিতে রাজ্য প্রশাসন দায়িত্ব পালনের জন্য প্রস্তুত রয়েছে।

#####CM Byte#####

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্ম-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সময়ের সঙ্গে সঙ্গে হিন্দিকে আরও নমনীয় করে তোলার এবং আঞ্চলিক ভাষার সাথে এর সহাবস্থানকে উৎসাহিত করার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। শ্রী শাহ গান্ধীনগরের মহাভ্রা মন্দিরে হিন্দি দিবস এবং ৫ম সর্বভারতীয় রাজভাষা সম্মেলনের উদ্বোধন করে নাগরিকদের হিন্দিকে সমর্থন করার পাশাপাশি তাদের মাতৃভাষাকে সম্মান করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার হিন্দিকে আরও সহজলভ্য

করার জন্য সারথি প্ল্যাটফর্ম এবং হিন্দি শব্দ সিঙ্কু কোষের মতো উদ্যোগ চালু করেছে।

#####Amit Shah Byte#####

\*\*\*\*\*

### **Rajib Bhattacharjee:**

ত্রিপুরা গভর্নেন্ট হোমিওপ্যাথিক চিকিৎসক এসোসিয়েশনের পঞ্চদশ বার্ষিক সম্মেলনে উপলক্ষে আজ আগরতলা আইজিএম হাসপাতাল কমপ্লেক্সের ফ্লোরেন্স নাইটঙ্গেল অডিটোরিয়ামে এক রান্ডেন শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন সাংসদ রাজীব ভট্টাচার্য। শিবিরে উপস্থিত ছিলেন মেয়র দীপক মজুমদার, এসোসিয়েশনের সভাপতি ডাঃ সুশান্ত সরকার, সম্পাদক ডাঃ সুখেন্দু নাথ প্রমুখ।

\*\*\*\*\*

### **Governor:**

রাজ্যপাল ইন্সেনা রেজিডি নাল্লু বলেছেন, কেন্দ্রীয় সরকার "খেলো ইণ্ডিয়া" কর্মধারার মাধ্যমে সব খেলাধুলা'র উন্নতি বিধানে কাজ করে চলেছেন। ত্রিপুরাতেও সিল্টিক ফুটবল মাঠ তৈরি করে ও অন্যান্য পরিকাঠামোর উন্নতি করে ত্রীড়া ক্ষেত্রের বিকাশের কাজ চলছে।

আজ বিকেলে উনকোটি জেলার কুমারঘাটের PWD মাঠে "কুমারঘাট ফুটবল টুর্নামেন্ট"- এর ফাইন্যাল ম্যাচের উদ্বোধন করে তিনি ভাষন দিচ্ছিলেন। এখানে বক্তব্য রাখেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস।

আজকের ফাইন্যাল ম্যাচে রেনজো এফ,সি দল চ্যাম্পিয়নের খেতাব অর্জন করেছে। তারা তিন-এক গোলের ব্যবধানে দৃষ্টি ফাউন্ডেশন'কে পরাজিত করে। প্রথমবারের মতো আয়োজিত এই টুর্নামেন্ট ১৬ টি ফুটবল দল অংশ নেয়।

টুর্ণামেন্ট চ্যাম্পিয়ন দল ট্রফি সহ দুই লক্ষ টাকা ও রানাস' ট্রফি সহ এক লক্ষ টাকা প্রাইজমানি পেয়েছে।

\*\*\*\*\*

### **Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*